

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৫৫৫

পর্ব-৫: জানায়া (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - রোগী দেখা ও রোগের সাওয়াব

আরবী

وَعَنْ أَبِي الدَّرْدَاءِ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: مَنِ اشْتَكَى مِنْكُمْ شَيْئًا أَوْ اشْتَكَاهُ أَخٌ لَهُ فَلْيَقُولْ: رَبُّنَا اللَّهُ الَّذِي فِي السَّمَاءِ تَقَدَّسَ اسْمُكَ أَمْرُكَ فِي السَّمَاءِ وَالْأَرْضِ كَمَا أَنَّ رَحْمَتَكَ فِي السَّمَاءِ فَاجْعَلْ رَحْمَتَكَ فِي الْأَرْضِ اغْفِرْ لَنَا حُبُّنَا وَخَطَايَانَا أَنْتَ رَبُّ الطَّيِّبِينَ أَنْزَلْ رَحْمَةً مِنْ رَحْمَتِكَ وَشِفَاءً مِنْ شِفَائِكَ عَلَى هَذَا الْوَجَعِ. فَيَبْرُأُ. رَوَاهُ أَبُو دَاوُدَ

বাংলা

১৫৫৫-[৩৩] আবুদ্দ দারদা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, তোমাদের কেউ ব্যথা-বেদনা অনুভব করলে অথবা তার কোন মুসলিম ভাই তার নিকট ব্যথা-বেদনার কথা বললে, সে যেন দু'আ করে, "আমাদের রব আল্লাহ যিনি আসমানে আছেন। হে রব! তোমার নাম পৃতঃ-পবিত্র। তোমার নির্দেশ আকাশ ও পৃথিবী উভয় স্থানেই প্রযোজ্য। আকাশে যেভাবে তোমার অগণিত রহমত আছে, ঠিক সেভাবে তুমি পৃথিবীতেও তোমার অগণিত রহমত ছড়িয়ে দাও। তুমি আমাদের ইচ্ছাকৃত ও অনিচ্ছাকৃত অপরাধগুলো ক্ষমা করে দাও। তুমি পৃতঃ-পবিত্র লোকদের রব। তুমি তোমার রহমতগুলো হতে বিশেষ রহমত ও তোমার শেফাসমূহ হতে বিশেষ শেফা এ ব্যথা-বেদনার নিরাময়ে পাঠিয়ে দাও।" এ দু'আ তার সকল ব্যথা-বেদনা দূর করে দেবে। (আবু দাউদ)[1]

ফুটনোট

[1] খুবই দুর্বল : আবু দাউদ ৩৮৯২, যাইফ আত্ তারগীব ২০১০, যাইফ আল জামি' আস্ সগীর ৫৪২২। শায়খ আলবানী (রহঃ) বলেছেন, এর সানাদে যিয়াদ বিন মুহাম্মাদ রয়েছে যাকে ইমাম বুখারী (রহঃ) মুনকার়ল হাদীস বলেছেন।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (فَاجْعَلْ رَحْمَتَكَ فِي الْأَرْضِ) তোমার রহমাত জমিনে বিস্তার কর তথা জমিনের অধিবাসী প্রত্যেক মুমিনের ওপর। উদ্দেশ্য হল রহমাত দ্বারা খাসভাবে মুমিনের ওপর, কারণ তা না হলে রহমাত ব্যাপকভাবে সবার জন্য প্রযোজ্য। (حُوْبَنَا) কাবীরাহ (কবিরা) গুনাহ আর (خَطَّابَنَا) দ্বারা উদ্দেশ্য সগীরাহ গুনাহ।

হাদিসের মান: যঙ্গফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

⌚ Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=56115>

৬ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন